

স্বাস্থ্য যাচাইকরণ প্রশ্নাবলী

DOE ফ্যাসিলিটিগুলোতে সকল DOE কর্মচারী, দর্শনার্থী, এবং পরিবারদের অবশ্যই একটি স্বাস্থ্য যাচাইকরণ পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ প্রতিদিন উপস্থিত হবার পূর্বে পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ অনলাইনেও পূরণ করা যাবে: <https://healthscreening.schools.nyc/>. ভবন বা ফ্যাসিলিটিতে প্রবেশের পর, যদি আপনি ইতোমধ্যে অনলাইনে স্বাস্থ্য যাচাইকরণ পূরণ না করে থাকেন, তাহলে আপনাকে নিচের প্রশ্নগুলোর জবাব দিতে বলা হবে।

- আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন কি, এতে রয়েছে 100.0 ডিগ্রি F কিংবা এরচেয়ে বেশি জ্বর, নতুনভাবে কাশি শুরু, নতুনভাবে সাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা বিগত 10 দিনের মাঝে শুরু হওয়া শ্বাস কষ্ট?
 - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ, এবং উপসর্গগুলো দেখা দেয়ার পর আমার ল্যাব থেকে নিশ্চিত করা COVID-19 শনাক্তকরণ পরীক্ষার (রক্ত পরীক্ষা নয়) ফলাফল নেগেটিভ এসেছে এবং বিগত 24 ঘন্টায় কোনো উপসর্গ দেখা যায়নি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ, আমি উপরোক্ত শ্রেণীবিভাগে অন্তর্ভুক্ত নই। আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।
- বিগত 10 দিনে ল্যাবরেটরি কর্তৃক নিশ্চিত করা COVID-19 শনাক্তকারী পরীক্ষায় পজিটিভ ফলাফল পেয়েছেন কি (কোনো রক্ত পরীক্ষা নয়), যেটা আপনার প্রথম পজিটিভ ফলাফল ছিল অথবা আপনার পূর্ববর্তী রোগ নির্ণয় তারিখ থেকে 90 দিন পর?¹ অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, 10 দিনের গণনা শুরু হবে আপনার পরীক্ষা নেওয়ার দিন থেকে, আপনি যেদিন পরীক্ষার ফল পান, সেদিন থেকে নয়।
 - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।
- CDC পথনির্দেশনা অনুযায়ী আপনি COVID-19-এর বিরুদ্ধে পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত অথবা আপনি সম্প্রতি (বিগত তিন মাসের মধ্যে) COVID-19 সংক্রমিত হয়েছিলেন কি এবং বিগত 90 দিনের মধ্যে আলাদাভাবে বসবাস (আইসোলেশন) সম্পন্ন করেছেন কি?² অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, CDC পথনির্দেশনা অনুযায়ী পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবার জন্য, আপনি দুই-ডোজ সিরিজের দ্বিতীয় ডোজ নেয়ার পর দুই সপ্তাহ অবশ্যই পার হতে হবে অথবা একক ডোজের অ্যাকসিন গ্রহণ করার পর অবশ্যই দুই সপ্তাহ পার হতে হবে।
 - না, আমি পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত নই অথবা বিগত 90 দিনের মাঝে COVID-19-এ সংক্রমিত হইনি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ, আমি পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত অথবা COVID-19-এ সংক্রমিত হয়েছিলাম এবং বিগত 10 দিন আমি আলাদা বসবাস করেছি। কর্মী/দর্শনার্থী 4 নং প্রশ্ন এড়িয়ে যাবেন এবং বিস্তৃত্যে প্রবেশ করতে পারেন।
- আপনার জানা মতে, বিগত 10 দিনে, এমন কেউ যার COVID-19 সংক্রমণ হয়েছে কিংবা উল্লেখ করেছে যে COVID-19-এর উপসর্গগুলো দেখা যাচ্ছে, এমন কারো কাছাকাছি (24 ঘন্টা সময়সীমায় 6 ফিট-এর মধ্যে অন্তত 10 মিনিটের জন্য) এসেছিলেন কি? এই পরিস্থিতিতে যেসব ক্লিনিক্যাল স্টাফ যথাযথ ব্যক্তিগত সুরক্ষামূলক সাজ-সরঞ্জাম (পার্সোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট, PPE) পরিহিত ছিলেন তাদের কাছাকাছি এসেছে বলে বিবেচনা করা হয়না।
 - না। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারেন।
 - হ্যাঁ আর যাচাইয়ের প্রয়োজন নেই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।

এই স্বাস্থ্য যাচাইকরণের উদ্দেশ্য একটি বিকল্প পেশাদারী চিকিৎসাগত পরামর্শ, রোগ নির্ণয় অথবা চিকিৎসা প্রদান করা নয়। শারীরিক অবস্থা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে সবসময়ই কোনো যোগ্যতা সম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে পরামর্শ নেন। স্বাস্থ্য যাচাইকরণের ফলাফল পর্যালোচনা করা হবে শুধুমাত্র ফ্যাসিলিটিতে প্রবেশ করতে দেয়ার উদ্দেশ্যে এবং গোপনীয়তা বজায় রাখা হবে।

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সুপারিশ পরিবর্তন করতে পারে।

04.28. 21

¹ যেদিন থেকে আপনার উপসর্গগুলো শুরু হয়েছে সেদিন থেকে 90 দিন গণনা করতে হবে, অথবা যদি আপনার কোনো উপসর্গ না থেকে থাকে, তবে যেদিন আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে সেদিন থেকে 90 দিন গণনা শুরু করতে হবে।

² যেদিন থেকে আপনার উপসর্গগুলো শুরু হয়েছে সেদিন থেকে 90 দিন গণনা করতে হবে, অথবা যদি আপনার কোনো উপসর্গ না থেকে থাকে, তবে যেদিন আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে সেদিন থেকে 90 দিন গণনা শুরু করতে হবে।